

৪৬

পাবলিক বিশ্ববিদ্যালয়ে খরচ বাড়ছে

# মেডিক্যাল ও কৃষি বিশ্ববিদ্যালয়ে বেশি জাতীয় বিশ্ববিদ্যালয়ে কম

■ নিজামুল হক নিজাম ■

দেশের বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাথাপিছু বার্ষিক খরচ ক্রমশ বাড়ছে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাথাপিছু খরচ সবচেয়ে বেশি। দ্বিতীয় অবস্থানে আছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের মাথাপিছু খরচ ১ লাখ ৫৯ হাজার ৯০৬ টাকা এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ১ লাখ ৬ হাজার ৩৪৫ টাকা। তবে এ দুটি বিশ্ববিদ্যালয়ের শুধু স্নাতকোত্তর কোর্স থাকায় এ খরচের পরিমাণ বেশি। অনার্স কোর্স আছে এসব বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষে আছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। যার শিক্ষার্থীর মাথাপিছু খরচ ১ লাখ ৩০ হাজার ২৬৬ টাকা, দ্বিতীয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের খরচ ১ লাখ ২৯ হাজার ৫১৮ টাকা, তৃতীয় শ্রেণে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় যার খরচ ৬১ হাজার ৮৮৪ টাকা। এরপরে রয়েছে পটুয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৫৯ হাজার ২০৪ টাকা, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৫৪ হাজার ৮১৭ টাকা, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ৪৫ হাজার ৯৯২ টাকা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৪ হাজার ৮২০ টাকা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৩৮ হাজার ৬৯২ টাকা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২১ হাজার ৩৬৫ টাকা। মাথাপিছু খরচ সবচেয়ে কম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৭৬১ টাকা এবং এদিক থেকে দ্বিতীয় রয়েছে বাংলাদেশ উনু ক বিশ্ববিদ্যালয় ১ হাজার ৯২৪ টাকা, তৃতীয় অবস্থানে রয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয় যার শিক্ষার্থী প্রতি বার্ষিক মাথাপিছু খরচ ১৭ হাজার ৬১০ টাকা। অধিকাংশ পাবলিক

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাথাপিছু খরচ বেড়েছে। কিংড বহুরের তুলনায় শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বেড়েছে সবচেয়ে বেশি। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাথাপিছু খরচ বেড়েছে ২৪ হাজার ৮৮৪ টাকা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ২০ হাজার ৭০২ টাকা। এছাড়া বাংলাদেশ কৃষি বিদ্যালয়ের বেড়েছে ৯ হাজার ২৬৬ টাকা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের খরচ বেড়েছে ৭ হাজার ৫৬০ টাকা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেড়েছে ৭ হাজার ১৬১ টাকা। খরচ কমেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ও মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে বরাদ্দে ভিত্তিতে ছাত্রদের মাথাপিছু এই খরচ হিসাব করা হয়েছে।